কোটচাঁদপুরে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রের অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত

কোটচাঁদপুরে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কেন্দ্রে ২৪/৭ সার্বক্ষণিক স্বাভাবিক প্রসব সেবা জোরদারকরণ বিষয়ক অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে কোটচাঁদপুর উপজেলা পরিষদ অফির্সাস ক্লাব মিলনায়তনে “আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার” এই প্রতিপাদ্য কে সামনে রেখে স্বাস্থ শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এমসিএইচ-সার্ভিসেস এর ব্যবস্থাপনায় ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আয়োজনে এ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়।

এসময় স্বাগত বক্তব্য রাখেন ঝিনাইদহ সহকারী পরিচালক পরিবার পরিকল্পনা অফিসার মোজাম্মেল করিম, অবহিতকরণ কর্মশালায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগের পরিবার পরিকল্পনা পরিচালক (যুগ্মসচিব) হাবিবুল হক খান ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবার পরিকল্পনা অধিদপ্তর (এমসিএইচ-সার্ভসেস) এবং লাইন ডাইরেক্টর (এমসিআরএএইচ) পরিচালক ডাঃ মাহমুদুর রহমান, প্রধান উপপরিচালক (এমসিএইচ)ও প্রোগ্রাম ম্যানেজার মাতৃস্বাস্থ্য ডাঃ জাহাঙ্গীর আলম, ঝিনাইদহ উপপরিচালক পরিবার পরিকল্পনা এস এম আল কামাল , উপজেলা আওয়ামী লীগ সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার আব্দুর রশিদ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আবু-হেনা মুস্তাফিজ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কনসালটেন্ট ফারহানা সবনাম, কনসালটেন্ট রাইসুর ইসলাম জুয়েল, সাফদারপুর ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল মান্নান, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস সহ ইউনিয়ন পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী, সাংবাদিক ও বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।